

‘বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক, রাজশাহী’ প্রকল্প

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
বিসিসি ভবন, আগারগাঁও, ঢাকা।
www.bhtpa.gov.bd

স্মারক নম্বর : ৫৬.০২.০০০০.০০৯.৩৯.০০২.১৭-ন ৩৭

তারিখ ০৬ পৌষ ১৪২৬
২০ জানুয়ারী, ২০২০

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন ‘বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক, রাজশাহী’ শীর্ষক প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শূন্য পদ প্রদর্শনের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্রঃ	পদের নাম	পদ সংখ্যা	বেতন ক্ষেত্র	যোগ্যতা	মন্তব্য
১	সহকারী পরিচালক	০১ (এক) টি	টাঃ ২২,০০০/- থেকে ৫৩,০৬০/- (ফ্রেডঃ ০৯) (জাতীয় বেতন ক্ষেত্র-২০১৫ অনুযায়ী)	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর বা সমমানের ডিপ্লোমা অথবা দ্বিতীয় শ্রেণীর সমানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর বা সমমানের ডিপ্লোমা কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। তবে শর্ত থাকে যে, কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ বা শ্রেণী গ্রহণযোগ্য হবে না।	

আবেদনের শর্তাবলী:

- ১। সকল প্রার্থীকে অনলাইনে <https://erecruitment.bcc.gov.bd> ওয়েব সাইটের মাধ্যমে আগামী ৩০ জানুয়ারী, ২০২০ হতে ২৩ ফেব্রুয়ারি, ২০২০ তারিখের মধ্যে আবেদন করতে হবে। অনলাইন (Online) ব্যক্তিত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।
- ২। অনলাইনে আবেদনের জন্য <https://erecruitment.bcc.gov.bd> ওয়েব সাইটে প্রবেশ করে প্রথমে নিবন্ধন করতে হবে। নিবন্ধনের জন্য ই-মেইল ও মোবাইল নম্বর আবশ্যিক। নিবন্ধন সম্পর্ক হওয়ার পর নিবন্ধনকারীর ই-মেইলে e-Recruitment কর্তৃক ই-মেইল এবং পাসওয়ার্ড প্রেরণ করা হবে। ই-মেইল এবং পাসওয়ার্ড দিয়ে লগইন করে আবেদনের প্রয়োজনীয় ধাপ সম্পন্ন করতে হবে (প্রয়োজনে সংশ্লিষ্ট ওয়েব সাইট হতে নিবন্ধন ম্যানুয়াল ও আবেদন ম্যানুয়াল অনুসরণ করতে হবে)।
- ৩। ২৩/০২/২০২০ খ্রিঃ তারিখে আবেদনকারীর বয়সসীমা অনুরূপ ৩০ বছর হতে হবে। তবে, মুক্তিযোক্তা/শহীদ মুক্তিযোক্তার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা অনুরূপ ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- ৪। পরীক্ষার ফি বাবদ ২১০ (দুইশত দশ) টাকা DBBL Mobile Banking - এর মাধ্যমে অনলাইনে (সংশ্লিষ্ট ওয়েব সাইটের পেমেন্ট অপশনের নির্দেশনা অনুসরণ করতে হবে) প্রদান করতে হবে।
- ৫। লিখিত পরীক্ষায় উভ্যাংশ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদ, ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভা মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ ও মুক্তিযোক্তা/শহীদ মুক্তিযোক্তার পুত্র-কন্যা/শহীদ মুক্তিযোক্তার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে চাকরি প্রার্থীকে মুক্তিযুক্ত বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্থান্তৃত মূল সনদপত্র আথবা মুক্তিযুক্ত বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্থান্তৃত সাময়িক সনদপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে। উল্লেখ্য যে, আবেদনকারী মুক্তিযোক্তা/শহীদ মুক্তিযোক্তার পুত্র-কন্যা/শহীদ মুক্তিযোক্তার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোক্তা/শহীদ মুক্তিযোক্তার পুত্র-কন্যা/শহীদ মুক্তিযোক্তার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভা মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট সঙ্গে আনতে হবে।
- ৬। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্ত্বাসিত সংস্থায় চাকরিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।
- ৭। পরীক্ষার তারিখ, সময় ও স্থান ওয়েব সাইটে জানানো হবে। প্রবেশপত্র <https://erecruitment.bcc.gov.bd> থেকে ডাউনলোড করা যাবে।
- ৮। ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শনো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ৯। পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য প্রার্থীগণ কোন ভ্রমণভাতা বা দৈনিকভাতা প্রাপ্ত হবেন না।
- ১০। অত্র বিজ্ঞপ্তি ও নিয়োগ সংক্রান্ত সকল তথ্য বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ওয়েবসাইটে (www.bhtpa.gov.bd) পাওয়া যাবে।

২০
২০/০২/২০২০

(এ, কে, এ, এম, ফজলুল হক)
প্রকল্প পরিচালক (উপসচিব)